

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
পরিবার কল্যাণ-২ অধিশাখা

নং- ৪৫.১৭০.০১১.০০.০০.০২১.২০১০/৬৩

তারিখঃ ২৩/০২/২০১৭ খ্রিঃ

প্রজ্ঞাপন


বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় এর ০৫.১১.২০১৫ খ্রিঃ তারিখের সূত্র নং ৮০.৩০১.(গোপনীয়)/অংশ-১৯৮৫/২০১৫/২২৩ এবং ৮০.৩০১(গোপনীয়)/২০১৫/২৬৪, তারিখ: ২১/১২/২০১৫ এর মাধ্যমে সুপারিশকৃত প্রার্থীদের মধ্য হতে এ প্রজ্ঞাপনে বর্ণিত ০৪ (চার) জন প্রার্থীকে মেডিকেল অফিসার এমসিএইচএফপি (নন-ক্যাডার) এর স্থায়ী পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ২২০০০-৫৩০৬০/- টাকা বেতনক্রম (গ্রেড-৯) অনুযায়ী অন্যান্য ভাতাদিসহ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রমিক	মেধাক্রম	রেজি: নং	নাম	নিজ জেলা
১	২০৫	০০১৫০৯	মো: মনজুর মোর্শেদ রিপন	মৌলভীবাজার
২	৪৫	০০০৪২২	ডা: মো: ফখরুল হাসান	খাগড়াছড়ি
৩	১১৭	০০১৪৯৯	মুনজুর-এ-মওলা	বগুড়া
৪	২৭১	০০০২৯৪	ডা: দ্বিপায়ন দাশ গুপ্ত	চট্টগ্রাম

শর্তাবলী:

- (১) সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ নিয়োগপ্রাপ্ত সকল কর্মকর্তার জন্য প্রযোজ্য;
- (২) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত ও ভবিষ্যতে প্রণীতব্য বিধি বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;
- (৩) সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর ১৩ (১) উপ বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পরিবার পরিকল্পনা অধিদপ্তরে প্রেরণ করবেন;
- (৪) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অংগীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- (৫) চাকরিতে যোগদানকালে তাকে যোগদানের সাথে ৩০০/ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;
- (৬) (ক) মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগপ্রাপ্তদের যোগদানের সাথে ৩০০/ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, মুক্তিযোদ্ধার সনদ পরবর্তীতে যাচাই-বাছাইকালে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে কোন প্রকার আপত্তি উত্থাপিত হলে/মিথ্যা/জাল প্রমানিত হলে তাৎক্ষণিকভাবে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং গৃহীত সমুদয় সুবিধাদি প্রত্যর্পন করতে বাধ্য থাকবেন এবং তা ফৌজদারি অপরাধ মর্মে গণ্য হবে;
(খ) মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগপ্রাপ্তগণ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে আরোপিত শর্তাবলী দ্রুত বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবেন।
- (৭) কর্মকর্তাগণ আগামী ২৮/০২/২০১৭ খ্রি: তারিখে আবশ্যিকভাবে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে (ভবন-৩, কক্ষ নং-৩২৯, ৪র্থ তলা) যোগদান করবেন;
- (৮) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।


রাষ্ট্রপতির আদেশক্রমে



(মোঃ মিজানুর রহমান)
উপসচিব (পরিবার কল্যাণ-২)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলোঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ / মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/ সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় / সিনিয়র সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়/ কম্পিউটার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ।
- ৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
- ৪। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কারওয়ান বাজার, ঢাকা (নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণকে অবহিত করার অনুরোধসহ)।
- ৫। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কারওয়ান বাজার, ঢাকা।
- ৬। পরিচালক (এমআইএস), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কারওয়ান বাজার, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তাদের পিডিএস সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৭। বিভাগীয় পরিচালক (পরিবার পরিকল্পনা),
- ৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ১১। সিভিল সার্জন.....
- ১২। উপ-পরিচালক (পরিবার পরিকল্পনা),
- ১৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা।
- ১৪। বিভাগীয় হিসাবরক্ষক,
- ১৫। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,
- ১৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,
- ১৮। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,
- ১৯। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,
- ২০। জনাব,.....
- ২১। অফিস কপি



(মোঃ মিজানুর রহমান)
উপসচিব (পরিবার কল্যাণ-২)